তারিখ ... ২৯।৯।৭৮ ...
পৃষ্ঠা ... 10 ... কলাম ... 4 ...

ইত্তেফাক

192

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডীন, প্রকৌশল অনুষদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও
অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ, চট্টগ্রাম-এর দপ্তর

# ভর্তির বিজ্ঞপ্তি

ইঞ্জিনিয়ারিং কলেজ, চট্টগ্রাম-এ ১৯৭৮-৭৯ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ বি, এস-সি, ইঞ্জিনিয়ারিং শ্রেণীতে ভর্তির জন্য উপযুক্ত প্রার্থীদের নিকট হইতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা হইতেছে। দরখাস্ত গ্রহণের শেষ তারিখ ৭ই অক্টোবর, ১৯৭৮।

শুক্রবার বেলা ৯টা হইতে ১১টা ও অন্যান্য দিন (রবিবার ও ছুটির দিন ছাড়া) বেলা ৯টা হইতে ১টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দরখাস্ত গ্রহণ করা হইবে। ডাক বিভাগীয় অনিয়ম বিবেচনা করা হইবে না।

**ভর্তির যোগ্যতা:**

ভর্তির জন্য আবেদনকারীকে —

(১) বাংলাদেশের কোন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড হইতে পদার্থ বিদ্যা, রসায়ন ও গণিতে একত্রে এই তিন বিষয়ের জন্য নির্ধারিত মোট নম্বরের শতকরা ৫০ (পঞ্চাশ) নম্বর, (তবে যাহারা ১৯৭৭ বা পূর্বের এইচ, এস, সি, পরীক্ষা পাস করিয়াছে, তাঁহাদের জন্য শতকরা ৫৫ (পঞ্চান্ন) নম্বর) থাকিতে হইবে এবং উপরোক্ত তিন বিষয়ের প্রতিটিতে কমপক্ষে শতকরা ৪০ (চল্লিশ) নম্বর পাইয়া এইচ, এস, সি, পাস করিতে হইবে।

যে সকল প্রার্থী উচ্চমাধ্যমিক পরীক্ষায় ঐ সমস্ত বিষয়ে উপরে বর্ণিত নম্বর পায় নাই, কিন্তু বাংলাদেশের কোন বিশ্ববিদ্যালয় হইতে ঐ সমস্ত বিষয়ে (পদার্থ বিদ্যা, রসায়ন শাস্ত্র ও গণিত) উক্ত নম্বর পাইয়া বি, এস-সি, পাস করিয়াছে, তাহারাও আবেদন করিতে পারিবে।

(কোন ক্ষেত্রেই গ্রেসমার্ক বিবেচনা করা হইবে না।

(২) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশী হইতে হইবে। একই যোগ্যতাসম্পন্ন মহিলা প্রার্থীরাও ভর্তির জন্য দরখাস্ত করিতে পারিবে।

পার্বত্য চট্টগ্রামের উপজাতীয়দের জন্য ৮ (আটটি) আসন সংরক্ষিত আছে। এই ৮ (আটটি) আসনের জন্য প্রার্থীকে পদার্থ বিদ্যা, রসায়ন ও গণিতসহ এইচ, এস, সি, পাস হইতে হইবে।

অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র নাকচ করা হইবে। মিথ্যা ও ভ্রান্ত তথ্য সম্বলিত আবেদনপত্র প্রার্থীকে সম্পূর্ণরূপে অযোগ্য প্রতিপন্ন করিবে।

২২শে অক্টোবর, ১৯৭৮, রোজ রবিবার সকাল ১০ঘটিকায় ৩ (তিন) ঘণ্টাব্যাপী একটি ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। প্রত্যেক যোগ্য আবেদনকারীকে এই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে। বিভিন্ন বোর্ডের ১৯৭৮ সনের উচ্চমাধ্যমিক পরীক্ষার গণিত, পদার্থ বিদ্যা ও রসায়ন-এর পাঠ্যসূচীর উপর ভিত্তি করিয়া ভর্তি পরীক্ষা নেওয়া হইবে। যাহারা ভর্তি পরীক্ষায় শতকরা ৩০ (ত্রিশ) নম্বরের কম পাইবে তাহারা ভর্তির জন্য যোগ্য বিবেচিত হইবে না।

সকল যোগ্য প্রার্থীই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে। যোগ্য প্রার্থীদের ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাকযোগে পাঠানো হইবে। কোন যোগ্য প্রার্থী প্রবেশপত্র না পাইলে তাহাকে ২১শে অক্টোবর কলেজ অফিসের সহিত যোগাযোগ করিতে বলা হইতেছে।

ভর্তি সংক্রান্ত যাবতীয় নিয়মাবলী প্রসপেক্টাসে পাওয়া যাইবে। প্রার্থীকে প্রসপেক্টাসে বর্ণিত নিয়মানুসারে আবেদন করিতে হইবে। প্রসপেক্টাস ও আবেদনপত্র রবিবার ও ছুটির দিন ছাড়া প্রত্যেক দিন সকাল ৯টা হইতে দুপুর ১টা পর্যন্ত এই কলেজের রেজিষ্ট্রারের দপ্তর হইতে পাওয়া যাইবে। (শুক্রবার সকাল ৮টা হইতে ১১টা পর্যন্ত)। প্রসপেক্টাস ও আবেদনপত্রের মূল্য ৩'০০ (তিন) টাকা।

ডাকে প্রসপেক্টাস ও আবেদনপত্র পাইতে হইলে ডীন, প্রকৌশল অনুষদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডাকঘর--ইঞ্জিনিয়ারিং কলেজ, চট্টগ্রাম) এর পক্ষে মূল্য বাবদ ৩'০০ (তিন) টাকার ব্যাঙ্ক ড্রাফট দিতে হইবে।

এই ড্রাফট সোনালী ব্যাংকের কোন শাখা হইতে সোনালী ব্যাংক, পাহাড়তলী, চৌমুহনী (ইঞ্জিনিয়ারিং কলেজ) শাখার প্রতি দিতে হইবে এবং তৎসহ ১'২০ (এক টাকা বিশ) পয়সার ডাক টিকেট ও প্রার্থীর সঠিক ঠিকানাযুক্ত বড় আকারের (১০"×৪") একটি খাম পাঠাইতে হইবে।

তারিখ—১২ই আগষ্ট ১৯৭৮ ইং;

স্বাঃ—অস্পষ্ট;
ডীন, প্রকৌশল অনুষদ,
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়,
ও
অধ্যক্ষ, প্রকৌশল মহাবিদ্যালয়,
চট্টগ্রাম।

তবম—৩১২৪
ক—১৮৬৪